

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

পরিপত্র

তারিখ : ১৪ জানুয়ারি ২০২৫ খ্রি.

বিষয়: পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় **Bangladesh Single Window (BSW) System** এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (CLP) গ্রহণ না করা।

নং ১(৩৩)/NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/২৪১৮—জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্ল্যাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো :

- একটি কমন প্ল্যাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারি কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশি ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। প্রাথমিক পর্যায়ে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে গত ০২-০১-২০২৫ খ্রি. তারিখে সরাসরি BSW সিস্টেমের মাধ্যমে CLP এর আবেদন দাখিল ও ইস্যু করার কার্যক্রম শুরু করা হয়েছে :

(৪৬৭)

মূল্য : টাকা ৪.০০

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপস কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); এবং
৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।

০৩। ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ০৭টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর কোনো ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না।

মোঃ মোয়াজ্জেম হোসেন
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)।